মেহেরপুরে রেড ক্রিসেন্ট সোসাইটির খাদ্য সামগ্রী বিতরণ

সাকিব হাসান,

করোনা ভাইরাসে ক্ষতিগ্রস্ত ও সুবিধাবঞ্চিত কর্মহীন মানুষের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করে বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি মেহেরপুর ইউনিট
উল্লেখ্য, গতকাল সোমবার মেহেরপুর জেলা পরিষদ ভবন ইউনিট কার্যালয়ে সকাল দশটার সময় মোট চারশত কর্মহীন ক্ষতিগ্রস্ত মানুষের মাঝে এই খাদ্য সামগ্রী বিতরণ করা হয়।
মেহেরপুর জেলা পরিষদ ও মেহেরপুর রেডক্রিসেন্ট ইউনিটের চেয়ারম্যান আলহাজ্ব গোলাম রসূল এর সভাপতিত্বে এই খাদ্য সামগ্রী বিতরণ করা হয়। উক্ত স্থানে আরো উপস্থিত ছিলেন রেড ক্রিসেন্ট ইউনিটের সাধারণ সম্পাদক খন্দকার একরামুল হক, জিয়াউদ্দিন বিশ্বাস,আব্দুর রব বিশ্বাস। সঞ্চালনায় ছিলেন,যুব প্রধান খন্দকার শামসুজ্জোহা (সোহাগ)সহ সকল যুব সদস্যবৃন্দ

মুজিবনগর পরিদর্শনে দূর্যোগ ও ত্রাণ প্রতিমন্ত্রী এনামুর রহমান

মুজিবনগর পরিদর্শন করেছেন দূর্যোগ ও ত্রাণ মন্ত্রনালয়ের মাননীয় প্রতিমন্ত্রী এনামুর রহমান। সোমবার বেলা বারোটার দিকে তিনি ব্যাক্তিগত সফরে মুজিবনগর পরিদর্শন করেন।
এ সময় উপস্থিত ছিলেন মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকন, মেহেরপুর জেলা প্রশাসক ড.মোহাম্মদ মুনসুর আলম খান, জেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক ও উপজেলা চেয়ারম্যান আব্দুল খালেক,গাংনী পৌরসভা মেয়র আহম্মেদ আলী,অতিরিক্ত পুলিশ সুপার জামিরুল ইসলাম,জেলা আওয়ামীলীগের যুগ্ম সাধারন সম্পাদক এ্যাডভোকেট ইব্রাহীম শাহীন,মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার

সুজন সরকার,
জেলা আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক ও বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ূব হোসেন, পাবলিক প্রসিকিউটর এ্যাডভোকেট পল্লব ভট্রাচার্য প্রমুখ।
মুজিবনগর পৌছায়ে প্রতিমন্ত্রী মুজিবনগর সৃতিসৌধে পুষ্পমাল্য অর্পন করেন।

দামুড়হুদায় সড়ক দুর্ঘটনায় নিহত এক কিশোর

দামুড়হুদা উপজেলার লোকনাথপুর তেল পাম্পের সামনে মোটরসাইকেল-ভ্যান সংঘর্ষে লোকনাথপুর এর ছেলে হৃদয় নামের একজন নিহত হয়েছে এবং রিফাত নামের একজন আহত হয়।

জানা গেছে গত শুক্রবার সকাল সাড়ে ৭ টার দিকে দামুড়হুদা উপজেলার লোকনাথপুর পূর্ব পাড়ার এনামুলের ছেলে হৃদয় (১৭) ও মন্টুর ছেলের রিফাত (১২) ডুগডুগি বাজার থেকে লোকনাথপুর নিজ এলাকায় ঈদের নামাজ পড়বে বলে মোটরসাইকেল যোগে বাড়িতে ফিরছিল এসময় লোকনাথপুর তেল পাম্পের নিকটবর্তী স্থানে পৌঁছালে তাদের মোটরসাইকেলের সামনে একটি ভ্যান চলে আসায় গাড়িটি কন্ট্রোলে আনতে গিয়ে এই দুর্ঘটনাটি ঘটে।

ঘটনাস্থলে এনামুলের ছেলে হৃদয় (১৭) নিহত হন ও মন্টুর ছেলে রিফাত(১২) আহত হন।পরে আহত রিফাতকে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়। এদিকে লোকনাথপুর ফায়ার সার্ভিস স্টেশনের কর্মীরা খবর পেয়ে ঘটনাস্থলে আসে মোটরসাইকেলটি উদ্ধার করে এবং লাশ তাদের পরিবারের কাছে হস্তান্তর করেন এদিকে দুর্ঘটনার খবর পেয়ে দামুড়হুদা মডেল থানার এসআই গোকুল ঘটনাস্থল পরিদর্শন করেন।

এবং লাশের সুরতহাল রিপোর্ট তৈরি করেন।
এ বিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ আঃ খালেক জানান, মরদেহের সুরতহাল প্রতিবেদন তৈরি করা হয়েছে। যেহেতু এটি দুর্ঘটনা, তাই কোনো অভিযোগ না থাকায় মরদেহ ময়নাতদন্ত ছাড়াই পরিবারের

আলমডাঙ্গায় এমপি ছেলুন জোয়ার্দ্দারের মতবিনিময়

আলমডাঙ্গায় আওয়ামীলীগ নেতাকর্মিদের সাথে ঈদত্তোর মতবিনিময় সভা করেন চুয়াডাঙ্গা ১ আসনের সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন।গতকাল ১৬ মে সকাল ১১ টায় আলমডাঙ্গা উপজেলা আওয়ামীলীগের অফিসে দলীয় নেতাকর্মিদের সাথে মতবিনিময় সভা করেন। এসময় তিনি বলেন, সকল মানুষকে স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে। করোনা

উপসর্গ দেখা দিলে লুকিয়ে না রেখে চিকিৎসকের শরণাপন্ন হবেন,মনে রাখবেন বিএনপি,জামাত করোনা নিয়েও রাজনীতি শুরু করেছে,আপনাদের সজাগ থাকতে হবে,এই মহামারির দুঃসময়ে মানুষের পাশে থাকতে হবে।আপনারা শুনে থাকবেন সরকার মানবিক কারনে ভারতে আটকে পড়া বাংলাদেশীদের দেশে ফিরিয়ে আনার ব্যাবস্থা করেছেন।মোট ১২শত আটকে পড়াদের মধ্যে দর্শনা বর্ডার দিয়ে প্রায় সাড়ে ৩ শ লোক প্রবেশ করবে।তাদের মধ্যে যারা করোনা পজেটিভ থাকবে তাদের হাসপাতালের করোনা ওয়ার্ডে চিকিৎসা দেওয়া হবে।আর যাদের করোনা পজেটিভ নেই তাদেরকে চুয়াডাঙ্গার বিভিন্ন প্রতিষ্টানে ১৪ দিন কয়ারাইনটাইনে রাখা হবে। হোম কোয়ারেন্টিনে থাকা রোগীদের সঙ্গে মানবিক আচরণ, এবং পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম জোরদার করতে হবে।

মতবিনিময় সভায় উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও পৌর মেয়র হাসান কাদির গনুর সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন জেলা আওয়ামীলীগের বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক সহিদুল ইসলাম, আলমডাঙ্গা থানার তদন্ত অফিসার সেলিম উদ্দিন , জেলা আওয়ামীলীগের সদস্য আবু মুছা,শহ আলম, উপজেলা আওয়ামীলীগের সহসভাপতি বিশিষ্ঠ ব্যবসায়ী ও শিক্ষানুরাগী আলহাজ লিয়াকত আলী লিপু মোল্লা,খন্দকার শাহ আলম মন্টু,হামিদুল ইসলাম,সাংগাঠনিক সম্পাদক কাজী খালেদুর রহমান অরুন, পৌর আওয়ামীলীগের সভাপতি দেলোয়ার হোসেন।

উপজেলা আওয়ামীলীগের ভারপ্রাপ্ত সম্পাদক ইয়াকুব আলীর উপস্থাপনায় ,বক্তব্য রাখেন উপজেলা আওয়ামীলীগের প্রচার সম্পাদক মাসুদ রানা তুহিন, পৌর আওয়ামীলীগের যুগ্ম সম্পাদক সাইফুর রহমান পিন্টু, রাজাবুল হক মনা, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান ও উপজেলা ছাত্রলীগের সভাপতি অ্যাড. সালমুন আহমেদ ডন, কুমারী ইউপি চেয়ারম্যান আবু সাঈদ পিন্টু, ডাউকি ইউপি চেয়ারম্যান তরিকুল ইসলাম ।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি সম্পাদকের মধ্যে নুরুল ইসলাম দিপু, জয়নাল আবেদীন, মোল্লা কামরুজ্জামান শামিম, মাহমুদুল হাসান চঞ্চল, আশিকুজ্জামান ওল্টু, আইনাল হক, দিদার আলী, মকবুল হোসেন, কাউন্সিলর মজিবুল হক, পৌর আওয়ামীলীগের সহ-সভাপতি শহিদুল হক অপু মোল্লা, সদস্য মহসিন কামাল, ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি সম্পাদকের মধ্যে আক্তারুজ্জামান, জাহাঙ্গীর হোসেন, দেলোয়ার মোল্লা, আসমান মালিথা,পরিমল কুমার ঘোষ,মাহবুব হোসেন,সোনাউল্লাহ,কামাল হোসেন,মৎসজীবি লীগের জেলা আহবায়ক শাহাবুল হক,উপজেলা আহবায়ক রেজাউল হক,সিরাজুল ইসলাম, কলেজছাত্রলীগ সভাপতি আশরাফুল হক, পৌর ছাত্রলীগের সাধারন সম্পাদক নাহিদ হাসান তমাল, প্রচার সম্পাদক আব্দুল্লাহ আল হোসাইন বাদশা, ছাত্রলীগ নেতা রকি, সাকিব প্রমুখ।পরে এমপি ছেলুন আলমডাঙ্গা বধ্যভূমি পরিদর্শন করেন

গাংনীতে সড়ক দূর্ঘটনায় কুষ্টিয়ার দুই যুবক আহত

মুজিবনগর বেড়াতে এসে কুষ্টিয়া ফেরার পথে মেহেরপুরের গাংনীতে সড়ক দূর্ঘটনায় ২জন যুবক আহত হয়েছেন। আহতরা হলেন-কুষ্টিয়ার মিরপুর উপজেলার হালসা গ্রামের দারুক হোসেনের ছেলে সিয়াম হোসেন (১৮) ও কুষ্টিয়াচর গ্রামের বশির আহমেদের ছেলে সজল হোসেন (২৫)।

রবিবার বিকেল ৩টার দিকে মেহেরপুর-কুষ্টিয়া সড়কের গাংনীর চেংগাড়া বাজারের অদূরে মোটরসাইকেলের নিয়ন্ত্রণ হারিয়ে এ দূর্ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শিরা জানান,সিয়াম ও সজলসহ তাদের ৭-৮ জন বন্ধু কয়েকটি মোটরসাইকেলযোগে মেহেরপুরের মুজিবনগরে বেড়াতে আসছিলেন।

তারা বিপরীত দিক থেকে আসা একটি মোটরসাইকেলকে ক্রস (সাইড) করতে গিয়ে নিয়ন্ত্রণ হারিয়ে সড়কে ছিটকে পড়ে। এসময় সিয়াম ও সজল মারাত্মকভাবে আহত হয়। স্থানীয় লোকজন তাদের উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেয়। তাদের শারীরিক অবস্থার অবনতি দেখে,কর্তব্যরত ডাক্তার কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন।

দর্শনা চেকপোস্ট দিয়ে আসতে পারেননি বাংলাদেশীরা

দূতাবাসের ছাড়পত্র (এনওসি) না পাওয়ায় চুয়াডাঙ্গার জেলার দর্শনা চেকপোস্ট দিয়ে দেশে ফিরতে পারেনি ভারতে আটকে পড়া বাংলাদেশীরা। রোববার দুপুর পর্যন্ত এ চেকপোস্ট দিয়ে কোন বাংলাদেশী নাগরিক দেশে আগমন করেনি। রোববার ভারতে আটকে পড়া বাংলাদেশী পাসপোর্টধারী যাত্রীদের দেশে ফিরিয়ে আনার কথা ছিল। এজন্য চেকপোস্টে সব ধরনের প্রস্তুতিও নেয়া হয়েছিল।

দর্শনা ইমিগ্রেশন সূত্র জানিয়েছে, ভারতে আটকে পড়া বাংলাদেশীরা সে দেশের দূতাবাস থেকে অনাপত্তি পত্র (এনওসি) না পাওয়ায় দেশে প্রবেশ করতে পারেনি। রোববার দুপুর পর্যন্ত হাইকমিশন থেকে কাউকে এনওসি দেয়া হয়নি । এজন্য তারা দেশে আসার অনুমতি পাইনি। তবে এনওসি ও করোনা রিপোর্ট হাতে পেলেই তাদেরকে দেশে প্রবেশের অনুমতি দেয়া হবে।

করোনা নিয়ন্ত্রণ ও প্রতিরোধ সংক্রান্ত উপ-কমিটির আহ্বায়ক ও অতিরিক্ত জেলা প্রশাসক মনিরা পারভীন জানান, চিকিৎসাসহ বিভিন্ন কাজে বাংলাদেশী পাসপোর্টধারীরা ভারতে গিয়েছিল। তারপর তারা সেখানে আটকা পড়ে। এই চেকপোস্ট দিয়ে এমন প্রায় ৩ শতাধিক যাত্রীদের দেশে ফিরয়ে আনার উদ্যোগ নিয়েছে সরকার। রোববার থেকে তাদের দেশে প্রবেশের জন্য সব ধরনের প্রস্তুতি গ্রহন করা হয়।

দেশে প্রবেশের পর দর্শনা চেকপোস্টে তাদেরকে হেলথ স্ক্রিনিং ও করোনা পরীক্ষা করা হবে। করোনা শনাক্তদেরকে রাখা হবে প্রাতিষ্ঠানিক আইসোলেশনে। এছাড়া আগত সবাইকে রাখা হবে ১৪ দিনের কোয়ারেন্টিনে। এনওসি না থাকায় রোববার এ পথ দিয়ে কেউ দেশে আসতে পারেনি। তবে আগামীকাল সোমবার তাদের দেশে প্রবেশের সম্ভাবনা রয়েছে।

দর্শনা হিমেল আবাসিক হোটেলের ম্যানেজারসহ কপোত-কপোতি আটক

আবারও দর্শনা হিমেল আবাসিক হোটেলে দেহব্যবসার অভিযোগ উঠেছে হোটেল কর্তৃপক্ষের বিরুদ্ধে। অভিযোগের ভিত্তীত্বে পুলিশ অভিযান চালিয়ে পরকিয়া কপোত-কোপতিসহ হোটেল ম্যানেজারকে আটক করেছে। টাকার বিনিময়ে হিমেলে হোটেলটিতে এহণ অনৈতিক কর্মকাণ্ড পরিচালিত হয় বলে এলাকাবসিরা জানান। হোটেলটি বন্ধের দাবি জানিয়েছে সচেতন মহল।

জানাগেছে, চুয়াডাঙ্গার দর্শনা বাসস্ট্যাণ্ড অবস্থিত হিমেল আবাসিক হোটেল। হোটেল কর্তৃপক্ষের বিরুদ্ধে টাকার বিনিময়ে দহব্যবসা করানোর অভিযোগ উঠেছে। গতকাল (শনিবার) বেলা সাড়ে ১১টার দিকে স্বামী-সস্ত্রী পরিচয় দিয়ে ১১শ টাকায় হোটেলের ৪ নং কক্ষে ভাড়া নিয়ে ওঠে দর্শনা পৌর এলাকার ঘুঘুডাঙ্গার জামালের ছেলে রাজু (২৫) ও মেমনগর গ্রামের জনৈক তরুনী (২১)। অনৈতিক কর্মকাণ্ডের পূর্বমুহূর্তে পুলিশ হোটেলে তল্লাশী চালিয়ে তাদেরকে আটক করে।

সেই সাথে আটক করেন হোটেলের ম্যানেজার মেমনগর গ্রামের সাজ্জাদ হোসেনকে। পুলিশ আটককৃত তিনজনকেই দর্শনা থানায় নিয়ে আসেন। স্থানীয়রা জানান, হিমেল আবাসিক হোটেলে মোটা টাকার বিনিময়ে এহন অনৈতিক কর্মকাণ্ডের সুযোগ করেদেন হোটেল কর্তৃপক্ষ।

এই হোটেলে গত ২০ অক্টবর ২০২০ সালে বিজিবি সদস্য সোহেল রানা ও জনৈক তরুণীকে অনৈতিক কর্মকাণ্ডের সময় আটক করে পুলিশ। পুলিশ জানায়, তারা বিবাহিত। টাকার বিনিময়ে হোটেলের রুমভাড়া দিয়ে

অনৈতিক কর্মকাণ্ডর সুযোগ করে দেয়ায় হোটেলটি বন্ধের দাবি তুলেছে সচেতন মহল।

গাংনীর ভাটপাড়া বাজারে দু’ মাংস ব্যবসায়ীর জরিমানা

মেহেরপুরের গাংনী উপজেলার ভাটপাড়া বাজারে বেশি দরে মাংস বিক্রি করার অপরাধে দু’ মাংস ববসায়ীর অর্থদন্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত। বৃহস্পতিবার বেলা ১১ টার সময় ভ্রাম্যমান আদলতের নির্বাহী ম্যাজিষ্ট্রেট নুর-ই-আলম সিদ্দিকী ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন। এসময় ভাটপাড়া বাজারের মাংস বিক্রেতা বরকত আলীকে তিন হাজার টাকা এবং রফিকুল ইসলামকে এক হাজার টাকা জরিমানা করা হয়।

নির্বাহী ম্যাজিষ্ট্রেট নুর-ই- আলম সিদ্দিকী বলেন,মাংস ক্রেতাদের অভিযোগের ভিত্তিতে বাজারে গিয়ে বেশি দরে মাংস বিক্রি’র বিষয়টি প্রমাণিত হওয়ায় দু’জনকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৪০ ধারায় তাদের অর্থদন্ডে দন্ডিত করা হয়।

নাটোরের নলডাঙ্গা থেকে ফেন্সিডিলসহ মাদক কারবারী গ্রেফতার

নাটোরের নলডাঙ্গা থেকে বুধবার সন্ধা সাড়ে সাতটায় হাপানিয়া বাজার থেকে ৩৫ বোতল ফেন্সিডিল ও তাদের বহনকারী ২ টি মোটরসাইকেলসহ ৪ জনকে গ্রেফতার করেছে র্যাব। গ্রেফতারকৃতরা হলেন,নাটোরের গ্রামের নলডাঙ্গা উপজেলার পাটুল হাপানিয়া গ্রামের জামাল হোসেনের

ছেলে বুলবুল প্রামানিক(২৬), বাঁশভাগ পূর্বপাড়া গ্রামের আজিম উদ্দিন দেওয়ানের ছেলে সবুজ দেওয়ান (২০) ও দিনাজপুর জেলার বিরামপুর উপজেলার হরিহরপুর গ্রামের নুরুল ইসলামের ছেলে সুজন হোসেন -৩৩ , পারভবানীপুর গ্রামের জিন্নত আলীর ছেলে আরজান হোসেন (৩২) ।

র্যাবের প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়, গোয়েন্দা তথ্যের ভিত্তিতে সিপিসি -২ নাটোর র্যাব ক্যাম্পের একটি টিম পাটুল হাপানিয়া বাজারে অভিযান চালায় । এসময় ২ টি মোটর সাইকেল ও ৩৫ বোতল ফেন্সিডিলসহ সুজন , আরজান , বুলবুল ও সবুজকে গ্রেফতার করা হয় । এ ঘটনায় নলডাঙ্গা থানায় একটি মামলা দায়ের করা হয়েছে ।

মেহেরপুরের আমঝুপিতে বৃষ্টির পানিতে দূর্ভোগ এলাকাবাসীর

দুই দিনের বর্ষণে মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নের ৭নং ওয়ার্ড বিশ্বাস পাড়া ও ৮নং ওয়ার্ড মীরপাড়ায় জনজীবন বিপর্যস্ত। গত শুক্র ও শনিবার দু’দিনের বৃষ্টির পানিতে পাড়ার একমাত্র রাস্তা তলিয়ে যায়। রাতভর বৃষ্টি হওয়ায় এলাকার সড়ক দুটি পানিতে ডুবে যাওয়ায় যান চলাচল ও এলাকার সাধারণ মানুষের চলাচল ব্যাহত হচ্ছে।

এমনিতেই বৃষ্টি, তার ওপর রাস্তায় পানি জমে থাকায় বেশ অসুবিধা হচ্ছে পথচারী ও এলাকাবাসীর। রাস্তায় জমে থাকা পানিতে অনেককেই সাইকেল, রিকশা ও ভ্যানে করে যাতায়াত করতে দেখা যায়।

বিশ্বাস পাড়ার রিয়াজ, রুমেল, শাকিল, রানা, সাজিবার রহমান সহ অনেকেই অভিযোগ করে বলেন, দীর্ঘ ২ বছর যাবৎ আমরা এলাকাবাসী এই দূর্ভোগে ভুগছি। প্রতিবার বৃষ্টির কারণে এলাকার একমাত্র চলাচলের রাস্তাটি হাটু পানিতে ডুবে থাকে। চেয়ারম্যান ও মেম্বার কে অবগত করা হলেও তারা আশ্বাস দিয়েছে তবে প্রতিকার হয়নি। মসজিদে বৃদ্ধ মানুষেরা পানি পেরিয়ে নামাজ আদায়ে যেতে পারে না।

এলাকার ইসমাইল হোসেন বলেন, মসজিদে যাওয়ার রাস্তাটি দীর্ঘদিন

ধরেই পানি জমে থাকে। আমাদের মসজিদে আসতে সমস্যা হয়। এলাকার অনেকের মসজিদে এসে নামাজ আদায়ের ইচ্ছা থাকলেও এই পানির কারণে তারা আসতে পারেনা।

মীরপাড়া জামে মসজিদের সেক্রেটারি রফিকুল ইসলাম বলেন, প্রতি বছরের বৃষ্টির পানিতে রাস্তাটি পানিতে ডুবে থাকে। নোংরা পানি পেরিয়ে আমাদের মসজিদে যেতে হয়। ভ্যান, রিকশা, মটরসাইকেল সহ অন্যান্য যানবাহন চলাকালে নোংরা পানি ছিটকে পোশাক নষ্ট হয়ে যায়। আবার ছোট-খাটো দূর্ঘটনাও ঘটছে। রাস্তাটিতে যেন আর পানি জমে না থাকে সে ব্যাপারে দ্রুত যথাযথ ব্যবস্থা নেওয়ার জন্য কর্তৃপক্ষের কাছে দাবী জানান এলাকার ভুক্তভোগীরা।